

রোববার ঢাকা ভার্সিটি হলগুলো খুলে দেয়া হয়েছে। শামসুন্নাহার হলের এক ছাত্রীকে নাম এন্ট্রি করে হলে প্রবেশ করতে দেখা যাচ্ছে —দৈনিক বাংলা

# চট্টগ্রাম ভার্সিটি পরিস্থিতি অপরিবর্তিত

(স্টাফ রিপোর্টার)

চট্টগ্রাম, ১০ই জানুয়ারী।—চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় পরিস্থিতি এখনও পূর্বের মতোই। আজ বিশ্ববিদ্যালয়ের প্রায় দু'শ ছাত্র হলে ঢুকেছে। এরা ২২-দলীয় ছাত্র সংগঠনের সমর্থক। হলে

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

# ঢাকা ভার্সিটির হল খুলেছে

(স্টাফ রিপোর্টার)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের আবাসিক শিক্ষার্থীরা গতকাল থেকে হলে ফিরতে শুরু করেছেন। সকাল নয়টায় ছাত্র-ছাত্রীদের জন্য হল গেট খুলে দেয়া হয়।

অনেক হলে পরিচয়পত্র দেখে ছাত্র-ছাত্রীদের হলে ঢুকতে দেয়া হয়। তবে রোববার খুব কম

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## চট্টগ্রাম [illegible]

(১ম পৃঃ পর)

পূর্ব থেকে অব[illegible] তাদের কোন বাধা দেয়নি[illegible]

এদিকে আজ একদল [illegible] বিশ্ববিদ্যালয় খোলার দা[illegible] জানিয়ে একটি স্মারকলিপি দিয়েছে। বিশ্ব বিদ্যালয়ের ঘটনাকে কেন্দ্র করে বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ও শিক্ষক পরিষদের মধ্যে বাদানুবাদ শুরু হয়েছে। শিক্ষক সমিতি আজ এক বিজ্ঞপ্তিতে জানিয়েছে, বিশ্ব বিদ্যালয় শিক্ষকদের আজ ক্লাসে যোগদানের কথা থাকলেও ভাইস চ্যান্সেলরের একতরফা সিদ্ধান্তে বিশ্ববিদ্যালয়ের ক্লাসসমূহ বন্ধ থাকার কারণেই তা সম্ভব হয়নি। বিপুল সংখ্যক শিক্ষক আজ তাদের নিজ নিজ বিভাগে যোগ দেন।

বেলা সাড়ে ১১টায় শিক্ষকরা ভাইস চ্যান্সেলরের সঙ্গে মিলিত হবার জন্য প্রশাসনিক ভবনে উপস্থিত হন, কিন্তু ভাইস চ্যান্সেলর আজ ক্যাম্পাসে না আসায় শিক্ষকরা প্রো-ভাইস চ্যান্সেলরের সঙ্গে মিলিত হন এবং বিশ্ববিদ্যালয় হলসমূহ খুলে দিয়ে বিশ্ববিদ্যালয় চালু করার দাবী জানান।

শিক্ষক পরিষদ এক বিবৃতিতে শিক্ষক সমিতির বক্তব্যের সঙ্গে দ্বিমত পোষণ করে অতীতে অনুসৃত রীতি অনুযায়ী চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস থেকে অবিলম্বে অবৈধ অনুপ্রবেশকারীদের বহিষ্কারের দাবী জানান।

## ঢাকা ভার্সিটি

(১ম পৃঃ পর)

সংখ্যক ছাত্র-ছাত্রী হলে ফিরেছেন। উল্লেখ্য, একটানা ৪৪ দিন বন্ধের পর হলসমূহ খুলে দেয়া হয়।

পরীক্ষার তারিখ

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৮৬ সালের (কোর্স পদ্ধতি) প্রথম বর্ষ বিএ ও বিএসএস অনার্স এবং প্রথম বর্ষ বিএসসি, বিফার্ম ও আইনের স্থগিত পরীক্ষা যথাক্রমে ৮ই ফেব্রুয়ারী ও ১০ই ফেব্রুয়ারী শুরু হবে। পরীক্ষার সময়সূচী শীঘ্রই ঘোষণা করা হবে বলে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়।

এদিকে ইসলামী ছাত্র শিবিরের আহবানে আজ চট্টগ্রাম মহানগরীর কলেজগুলোতে শান্তিপূর্ণভাবে ধর্মঘট ও সভা অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ে বিরাজমান পরিস্থিতিকে ভয়াবহ উল্লেখ করে শিক্ষার সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনার দাবীতে শিবিরের পক্ষ থেকে আজ সোমবার অর্ধ দিবস হরতাল আহবান করা হয়েছে।